গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৭জি-৩৭৪(ক-৩)/২০০৫(অংশ-১)/১০৭৭/৪

তারিখ: ২৭/১১/১৪২৮ বঙ্গাব্দ:
১০/০৪/২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : সাতক্ষীরা জেলার শ্যামনগর আতরজান মহিলা কলেজের জনাব সমীর রঞ্জন গায়েনের অক্টোবর ২০০৩ হতে জুন ২০১৮ মাসের বকেয়া বেতনভাতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার শ্যামনগর আতরজান মহিলা কলেজের জনাব সমীর রঞ্জন গায়েনের অক্টোবর ২০০৩ হতে জুন ২০১৮ মাসের বকেয়া বেতনভাতা প্রদান করার জন্য অধ্যক্ষ আবেদন করেন।

আবেদনের বর্ণনা: সাতক্ষীরা জেলার শ্যামনগর আতরজান মহিলা কলেজের জনাব সমীর রঞ্জন গায়েন শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং SXIII/4-3/(India)2003/Pt 10/1700 তারিখ-১৫/১০/২০০৩ মোতাবেক উচ্চতর শিক্ষার জন্য ভারতে যান। গভর্নিং বডি তার বেতনভাতা বন্ধ করে। তিনি স্বপদে পুনর্বহালের জন্য বিজ্ঞ যুগ্ম জজ ২য় নং আদালত সাতক্ষীরায় মামলা দায়ের করেন। যার মামলা নম্বর দেওয়ানি ১০/২০১৪। উক্ত মামলার প্রেক্ষিতে ০১/০৪/২০১৫ তারিখে মহামান্য আদালত তাকে স্বপদে বহাল করার আদেশ প্রদান করেন। সেই আদেশের প্রেক্ষিতে গভর্নিং বডির সভাপতি (মাননীয় এমপি)সহ সকল সদস্যবৃন্দ ১২/০৪/২০১৫ তারিখের মিটিংয়ে তাকে স্বপদে পুর্নবহাল করেন ও অনুমোদন প্রদান করেন। তিনি ১৫/০৪/২০১৫খ্রি. তারিখে যোগদান করেন। বেতনভাতার সরকারি অংশ না পাওয়ায় পুন: বেতনভাতার সরকারি অংশ প্রাপ্তির লক্ষ্যে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৮৩২০/২০১৬ মামলা দায়ের করেন। মহামান্য আদালতের নির্দেশনা মোতাবেক ২০১৮ সাল থেকে মহাপরিচালক মহোদয় বেতনভাতার সরকারি অংশ প্রদান করেন। অক্টোবর ২০০৩ থেকে জুন ২০১৮ সাল পর্যন্ত সরকারি বেতন ভাতা না পেয়ে সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনে ৬০৭১/২০১৯ একটি রিটপিটিশন দায়ের করেন। মহামান্য আদালত মহাপরিচালক মহোদয়কে যথাযথ ব্যবস্থা গ্রহণের নিদের্শনা প্রদান করেন। বর্ণিত বিষয়ে মাউশি অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের জন্য নথিটি আইন শাখার মতামত গ্রহণ করা হয়। বর্ণিত বিষয়ে সিদ্ধান্তের জন্য ফেব্রুয়ারি/২০২২ মাসের এমপিও কমিটিতে উপস্থাপন করা হয়। কমিটির সুপারিশ: সাতক্ষীরা জেলার শ্যামনগর আতরজান মহিলা কলেজের জনাব সমীর রঞ্জন গায়েনের অক্টোবর ২০০৩ হতে জুন ২০১৮ মাসের বকেয়া বেতন-ভাতা মাউশি অধিদপ্তর বন্ধ করেনি। জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১-এর ১৮,৫ ধারার নির্দেশনা হলো: "প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।" বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা এবং উক্ত নিস্পত্তির বিষয়টি জরুরিভিত্তিতে মহামান্য আদালতকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, কমিটির সুপারিশের বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

5.4.22

(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭
ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ
শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয়
সাতক্ষীরা।

অনুলিপি:
১। পরিচালক, মাউশি, আঞ্চলিক কার্যালয়, খুলনা।
২। সভাপতি, পরিচালনা পরিষদ, শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয়, সাতক্ষীরা।
৩। শিক্ষা অফিসার (আইন-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। সংরক্ষণ নথি।